



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/জামালপুর-৫৭/১২৮

তারিখ:

০৪ আষাঢ়, ১৪৩২

১৮ জুন, ২০২৬

বিষয় : ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান প্রসঙ্গে

সূত্র : ১। সহ-সুপার জনাব মো: দেলোয়ার হোসেন সাঈদী এর ০৮.০৬.২০২৬ইং তারিখের আবেদন;

২। বোর্ডের স্মারক নম্বর ৫৭.১৬.০০০০.০০৯.৯৯.০২০.২১.১৪৬৮ তারিখ: ২৪.১১.২০২৫খ্রি.;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন পোড়ারচর শাহ মোজাম্মেলীয়া আহমোদীয়া দাখিল মাদ্রাসার বিধি বহির্ভূতভাবে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালনকারী জনাব মো: আব্দুল্লাহ ইবনে জিনতুল্লাহকে অপসারণপূর্বক বিধি মোতাবেক ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদানের জন্য সহ-সুপার জনাব মো: দেলোয়ার হোসেন সাঈদী কর্তৃক সূত্রোক্ত ১ নম্বর স্মারক পত্রে আবেদন করা হয়েছে। উক্ত আবেদন যাচাই করে দেখা যায়, সহ-সুপার জনাব মো. দেলোয়ার হোসেন সাঈদীর চূড়ান্ত বরখাস্ত সংক্রান্ত বিষয়টি বোর্ডের আপিল ও সালিশ কমিটি কর্তৃক অনুমোদিত হয়নি। যেহেতু তাঁর চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদিত হয়নি, সেহেতু সহ-সুপার জনাব মো. দেলোয়ার হোসেন সাঈদী স্বপক্ষে বহাল আছেন মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬' এর ১৩ ধারা মোতাবেক, সুপারের পদটি শূন্য থাকায় সহ-সুপার জনাব মো. দেলোয়ার হোসেন সাঈদীকে ভারপ্রাপ্ত সুপারের যাবতীয় দায়িত্ব প্রদানপূর্বক আগামী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর এস এম হোসেন  
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৮.০৬.২৬

১। সভাপতি, ম্যানেজিং কমিটি,

পোড়ারচর শাহ মোজাম্মেলীয়া আহমোদীয়া দাখিল মাদ্রাসা;

২। ভারপ্রাপ্ত সুপার,

পোড়ারচর শাহ মোজাম্মেলীয়া আহমোদীয়া দাখিল মাদ্রাসা

পো: পোড়ার চর, ইসলামপুর, জামালপুর।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/জামালপুর-৫৭/১২৮

তারিখ:

০৪ আষাঢ়, ১৪৩২

১৮ জুন, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, জামালপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর, জামালপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, জামালপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ইসলামপুর, জামালপুর;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি.; ..... শাখা, ইসলামপুর, জামালপুর;
৫. জনাব মো. দেলোয়ার হোসেন সাঈদী, সহ সুপার, পোড়ারচর শাহ মোজাম্মেলীয়া আহমোদীয়া দাখিল মাদ্রাসা, পো: পোড়ার চর, ইসলামপুর, জামালপুর;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ আব্দুর রশিদ  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৮.০৬.২৬